# 128170 - শঙি্গা লাগানোর সময় নর্িধারণ সংক্রান্ত কোন হাদসি সহহি নয়

প্রশ্ন

শনবিার কংিবা শুক্রবারে শঙি্গা লাগানো কি মাকরুহ; যদি সেই দনি ১৯ তারখি বা ১৭ তারখি কংিবা ২১ তারখি হয়? যহেতেু হাদসিে এসছে, তোমরা বুধবারে, কংিবা শুক্রবারে, কংিবা শনবিারে, কংিবা রববিারে শঙি্গা লাগওি না। বৃটনেরে মুসলমানদরে নকিট এটি একটি গুরুত্বপূর্ণ বষিয় হয়ে দাঁড়য়িছে। আশা করি বষিয়টি পরষি্কার করবনে। এ সংক্রান্ত হাদসিগুলো কি দুর্বল; না সহহি?

প্রয়ি উত্তর

আলহামদু লল্লিাহ।.

এক:

শঙি্গা লাগানোর সময়রে ব্যাপারে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থকে অনকেগুলো হাদসি বর্ণতি হয়ছে। এ ব্যাপারে কওলি (বাচনকি) হাদসি যমেন রয়ছে, ফ'েলী (কর্মগত) হাদসিও রয়ছে। এ হাদসিগুলো দুই প্রকার:

প্রথম প্রকার: যে হাদসিগুলোতে শঙি্গা লাগানোর উত্তম দনিগুলো সুনর্দিষি্টভাবে উল্লখে করা হয়ছে। সে দনিগুলো হচ্ছ- চন্দ্রমাসরে ১৭ তারখি (বশিষেতঃ যদি মঙ্গলবার হয়); ১৯ তারখি ও ২১ তারখি এবং সপ্তাহরে সোমবার ও বৃহস্পতবিার।

দ্বতিীয় প্রকার: যে হাদসিগুলোতে সপ্তাহরে বশিষে কছিু দনিে শঙি্গা লাগানোর নষিধোজ্ঞা এসছে। সে দনিগুলো হচ্ছ- শনবিার, রববিার, মঙ্গলবার (মঙ্গলবারে শঙি্গা লাগানোর প্রতি উৎসাহও বর্ণতি হয়ছে), বুধবার ও শুক্রবার।

অধকিাংশ আলমে এ দুই প্রকাররে হাদসিগুলো দুর্বল হওয়া এবং নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থকে এর কোনটি সহহি না হওয়ার কথা স্পষ্টভাবে ব্যক্ত করছেনে। তাদরে উক্তগিুলোর মধ্যে রয়ছে:

১। ইমাম মালকেকে শনবিার ও বুধবারে শঙি্গা লাগানো সম্পর্কে জজ্ঞিসে করা হলে তনিি বলনে: এতে কোন অসুবধিা নইে। আমি সব কয়টি দনিে শঙি্গা লাগয়িছে।ি আমি এর কোনটকিে মাকরূহ মনে করি না।[আল-মুনতাকা শারহুল মুয়াত্তা (৭/২২৫) থকে সংক্ষপেে সমাপ্ত; গ্রন্থকার এ উক্তটিি 'আল-উতবয়ি্যাহ' থকে উদ্ধৃত করছেনে]

মালকেি মাযহাবরে 'আল-ফাওয়াকহে আল-দাওয়ানি' (২/৩৩৮) গ্রন্থে এসছে- বছররে প্রতটিি দনি শঙি্গা লাগানো জায়যে;

এমনকি শনিবার ও বুধবারেও। বরং ইমাম মালেকে সারা বছর শিঙ্গা লাগাতেন। এই দুই দিনে কোন প্রকার ঔষধ গ্রহণ করা মাকরূহ নয়। পক্ষান্তরে, এই দুই দিনে শিঙ্গা লাগানো থেকে সতর্কমূলক যেসব হাদিস বর্ণিত হয়েছে সেগুলো ইমাম মালেকের নিকট সহিহ নয়।[সমাপ্ত]

২। আব্দুর রহমান বিন মাহদি (রহঃ) বলেন:

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থেকে এ সংক্রান্ত (অর্থাৎ শিঙ্গা লাগানোর সময় নির্ধারণমূলক) কোন কিছু সহিহ সাব্যস্ত হয়নি। তবে তিনি শিঙ্গা লাগানোর নির্দেশ দিয়েছেন।[সমাপ্ত, ইবনুল জাওযি 'আল-মাওযুআত (৩/২১৫) গ্রন্থে এ উক্তিটি উল্লেখ করেছেন]

৩। আল-খাল্লাল ইমাম আহমাদ থেকে বর্ণনা করেন যে, হাদিসটি সাব্যস্ত হয়নি।[ইবনে হাজার 'ফাতহুল বারী (১০/১৪৯) তে এ উক্তিটি উল্লেখ করেছেন]

৪। বারযায়ি বলেন:

'আমি আবু যুর (রাঃ) এর সাক্ষাত পেয়েছি। তিনি বিশেষ কোন দিনে শিঙ্গা লাগানো মাকরূহ হওয়ার ব্যাপারে কোন কিছু সাব্যস্ত করেন না এবং বিশেষ কোন দিনে শিঙ্গা লাগানো মুস্তাহাব হওয়ার ব্যাপারে কোন কিছু সাব্যস্ত করেন না।[সমাপ্ত, সুআলাতুল বারযায়ি (২/৭৫৭)]

৫। হাফেয ইবনে হাজার –ইমাম বুখারীর উক্তি 'পরিচ্ছেদ: কোন সময় শিঙ্গা লাগাবে, আবু মুসা (রাঃ) রাত্রিবেলো শিঙ্গা লাগিয়েছেন' ব্যাখ্যা করতে গিয়ে- বলেন: শিঙ্গা লাগানোর উপযুক্ত সময় সম্পর্কে বেশ কিছু হাদিস বর্ণিত হয়েছে। তবে এর কোনটি বুখারীর শর্তে উত্তীর্ণ নয়। তাই তিনি যেন এ ইঙ্গিত করতে চাচ্ছেন যে, প্রয়োজন হলে যে কোন সময় শিঙ্গা লাগানো যাবে। কোন সময় শিঙ্গা লাগানো যাবে; আর কোন সময় শিঙ্গা লাগানো যাবে না— এমনটি নয়। কারণ তিনি রাত্রিবেলো শিঙ্গা লাগানোর বিষয়টি উল্লেখ করেছেন।[ফাতহুল বারী (১০/১৪৯) থেকে সমাপ্ত]

৬। উকাইলি (রহঃ) বলেন: "এ বিষয়ে অর্থাৎ শিঙ্গা লাগানোর জন্য বিশেষ দিন নির্বাচন সম্পর্কে কোন হাদিস সাব্যস্ত নয়।[আল-যুআফা আল-কাবির (১/১৫০) থেকে সমাপ্ত]

৭। ইবনুল জাওযি তার 'আল-মাওযুআত (জাল হাদিস সংকলন)' নামক গ্রন্থে (৩/২১১-২১৫) গোটা একটি পরিচ্ছেদ রচনা করেছেন এবং এতে এ সংক্রান্ত হাদিসগুলো উল্লেখ করার পর বলেন: "এ হাদিসগুলোর কোনটি সহিহ নয়।"[সমাপ্ত]

৮। ইমাম নববী (রহঃ) বলেন:

"সারকথা হচ্ছে- বিশেষ কোন দিনে শিঙ্গা লাগানো নিষিদ্ধ হওয়া সম্পর্কে কোন কিছু সাব্যস্ত হয়নি।"[আল-মাজমু (৯/৬৯),

যদওি নববী ১৭ তারখি, ১৯ তারখি ও ২১ তারখিে শঙি্গা লাগানোর সময় সংক্রান্ত হাদসিটকিে ‘হাসান’ বলনে]

৯। হাফযে ইবনে হাজার (রহঃ) বলনে:

“এ হাদসিগুলোর কোনটি সহহি নয়।”[সমাপ্ত; ফাতহুল বারী (১০/১৪৯)]

দুই:

আলমেগণরে অনকেে চন্দ্রমাসরে ১৭ তারখি, ১৯ তারখি ও ২১ তারখিে শঙি্গা লাগানোকে মুস্তাহাব মনে করনে নম্নিোক্ত দললিরে ভত্তিতিে:

১. সাহাবীগণ থকেে সহহি সূত্রে এ বষিয়টি বর্ণতি হয়ছেে:

আনাস বনি মালকে (রাঃ) থকেে বর্ণতি তনিি বলনে: “নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামরে সাহাবীগণ মাসরে বজোেড় দনিগুলোতে শঙি্গা লাগাতনে।”

তাবারানী ‘তাহযীবুল আছার’ গ্রন্থে (নং-২৮৫৬) এ আছার (সাহাবীর উক্ত)ি টি বর্ণনা করছেনে। তনিি বলনে: এ আছারটি আমাদরে নকিট মুহাম্মদ বনি বাশশার বর্ণনা করছেনে, তনিি বলনে: আমাদরে নকিট আবু দাউদ বর্ণনা করছেনে তনিি বলনে: আমাদরে নকিট হশিাম বর্ণনা করছেনে কাতাদা থকেে, তনিি বর্ণনা করছেনে আনাস (রাঃ)। এ সনদটি (বর্ণনাসূত্রট)ি সহহি। আবু যুরআ বলনে: এ বষিয়ে সবচয়েে শুদ্ধ হচ্ছে আনাস (রাঃ) এর হাদসি: “নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামরে সাহাবীগণ ১৭ তারখি, ১৯ তারখি ও ২১ তারখিে শঙি্গা লাগাতনে।” [সুআলাতুল বারযায়ি (২/৭৫৭)] ইমাম তাবারী উল্লখেতি আছার (সাহাবীর উক্ত)ি এর পর রফি (আবুল আলয়িা) থকেে বর্ণনা করনে তনিি বলনে: “তাঁরা মাসরে বজোেড় তারখিে শঙি্গা লাগানো মুস্তাহাব মনে করতনে।” এবং তনিি ইবনে আওন থকেে বর্ণনা করনে য,ে তনিি বলনে: “তনিি তার কছিু সাহাবীকে ১৭ তারখিে ও ১৯ তারখিে শঙি্গা লাগানোর নর্দিশে দতিনে।” ইমাম আহমাদ বলনে: সুলাইম বলছেনে, হশিাম আমাদরেকে মুহাম্মদ থকেে সংবাদ দয়িছেনে য,ে তনিি এ হাদসিে ‘২১ তারখি’ এর কথাও বর্ণনা করতনে।

সম্ভবত সাহাবায়ে করোমরে এ অভ্যাসরে কারণ ছলি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কর্তৃক এ সময় নর্ধিারণ। এতে করে বুঝা যায় য,ে এ হাদসিগুলো ‘হাদসিে মারফু’ (রাসূল থকেে বর্ণনা) হওয়ার একটা ভত্তিি রয়ছেে। বরং কোন কোন আলমে এ সংক্রান্ত কোন কোন মারফু হাদসিকে মজবুত বলে রায় দয়িছেনে। যমেন ইমাম তরিমযি।ি তনিি আনাস বনি মালকে (রাঃ) এর হাদসি: “নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাঁর গর্দানরে দুই পাশে ও পঠিরে দুই পাশে শঙি্গা লাগাতনে। এবং তনিি ১৭ তারখি, ১৯ তারখি ও ২১ তারখিে শঙি্গা লাগাতনে।” হাদসি নং ২০৫১, তরিমযি বলনে: হাদসিটি হাসান।

একই রকম মত দয়িছেনে- মুতাআখ্খরীন আলমেদরে মধ্যে সুয়ূতী তার ‘আল-হাওয়’ি নামক ফতোয়া গ্রন্থে (১/২৭৯-২৮০)

এবং ইবনে হাজার আল-হাইতামী তার ফতোয়াতে (৪/৩৫১) এবং আলবানি তার ‘আল-সিলসিলা আল-সহিহা’ গ্রন্থে (নং ৬২২ ও ১৮৪৭)।

যদিও ইতিপূর্বে এ সংক্রান্ত মারফু হাদিস দুর্বল হওয়ার মর্মে যেসব ইমামগণের অভিমত উল্লেখ করা হয়েছে সেটোই শক্তিশালী ও অগ্রগণ্য।

২. চিকিৎসা শাস্ত্রেও এর সমর্থন রয়েছে:

আল্লামা ইবনুল কাইয়্যেম (রহঃ) ১৭ তারিখ, ১৯ তারিখ ও ২১ তারিখে শিঙ্গা লাগানো সংক্রান্ত হাদিসগুলো উল্লেখ করার পর বলেন: “এ হাদিসগুলো চিকিৎসকদের ঐকমত্যের সাথে মিলে গেল। চিকিৎসকদের মতে, মাসের দ্বিতীয়ার্ধে এবং এরপর অর্থাৎ তৃতীয় চতুর্থাংশে শিঙ্গা লাগানো মাসের প্রথমাংশে কিংবা শেষাংশে শিঙ্গা লাগানোর চেয়ে উত্তম। আর প্রয়োজন হলে আপনি যে কোন সময়ে শিঙ্গা লাগান, মাসের প্রথমে হোক শেষে হোক আপনি উপকার পাবেন।

আল-খাল্লাল বলেন: ইসমত বিন ইসাম আমাকে সংবাদ দেন যে, তিনি বলেন: হাম্বল আমাদের নিকট বর্ণনা করেছেন যে, তিনি বলেন: আবু আব্দুল্লাহ আহমাদ বিন হাম্বল এর যখন রক্ত উত্তাল হয়ে উঠত তখন শিঙ্গা লাগাতেন সেটি যে সময়ে হোক না কেন।[সমাপ্ত]

[যাদুল মাআদ (৪/৫৪)]

পক্ষান্তরে সপ্তাহের বিশেষ দিনে শিঙ্গা লাগানোর ব্যাপারে আমাদের জানা মতে চিকিৎসা শাস্ত্রে কোন কিছু সাব্যস্ত হয়নি। যদিও এ ব্যাপারে কিছু সাহাবী থেকে কিছু বক্তব্য এসেছে। ইমাম আহমাদ থেকে বর্ণিত আছে যে, তিনি শনিবার ও বুধবারে শিঙ্গা লাগানো থেকে বিরত থাকতেন। ইবনুল কাইয়্যেম যাদুল মাআদ গ্রন্থে (৪/৫৪) আল-খাল্লাল থেকে এটি বর্ণনা করেছেন।

ইবনে মুফলিহ (রহঃ) বলেন:

আবু তালেব ও একদল বর্ণনাকারী বর্ণনামতে, শনিবার ও বুধবারে শিঙ্গা লাগানো মাকরূহ। মুহাম্মদ ইবনে হাসানের বর্ণনা মতে, ইমাম আহমাদ শুক্রবারের কথাও বাড়তি বর্ণনা করেছেন। আল-মুসতাওয়াব ও অন্য গ্রন্থে এ ব্যাপারে দৃঢ়তা ব্যক্ত করা হয়েছে।

আল-মারওয়াযি বলেন: “আবু আব্দুল্লাহ রবিবার ও মঙ্গলবারে শিঙ্গা লাগাতেন।”

কাযী বলেন: “রবিবার ও মঙ্গলবারে পছন্দ করতেন। শনিবারে অপছন্দ করতেন। শুক্রবারের ব্যাপারে নীরব ছিলেন।[বক্তব্য সমাপ্ত]

একটা নীতি হচ্ছে-তিনি যদি কোন বিষয়ে চুপ থাকেন তাহলে সে বিষয়ে দুটো দিকই থাকে।

যুহরী থেকে মুরসাল সনদে বর্ণিত হয়েছে যে, “যে ব্যক্তি শনিবারে কিংবা বুধবারে শিঙ্গা লাগালো ফলে তার কুষ্ঠরোগ হল তাহলে সে যেন নিজেকে ছাড়া অন্য কাউকে দোষারোপ না করে।” ইমাম আহমাদ এ উক্তিটি উল্লেখ করেন এবং এটি দিয়ে দলিল দেন। আবু দাউদ বলেন: তিনি সনদসহ উল্লেখ করেছেন; কিন্তু এটি সহিহ নয়।

বাইহাকী উল্লেখ করেছেন যে, একাধিক মুহাদ্দিস এ বাণীটি মুত্তাছিল সনদে উল্লেখ করেছেন। তিনি এটিকে দুর্বল বলেছেন। মুখস্তকৃত হচ্ছে- এটি মুনকাতি (কর্তিত সনদ)।[তাঁর কথা সমাপ্ত]

আবু বকর ইবনে আবু শাইবা তার নিজস্ব সনদে মাকহুল থেকে বর্ণনা করেন যে, এটি মুরসাল। আর الوضح শব্দের অর্থ হচ্ছে-البرص অর্থাৎ কুষ্ঠরোগ।

ইমাম আহমাদের কাছে একবার বলা হল যে, এক ব্যক্তি বুধবারে শিঙ্গা লাগিয়েছে এবং এ সংক্রান্ত হাদিসটিকে তুচ্ছ করে বলেছে এটি কেমন হাদিস? এরপর সে লোকের কুষ্ঠরোগ হয়েছে। তখন ইমাম আহমাদ বলেন: কোন ব্যক্তির হাদিসকে তুচ্ছ করা সমীচীন নয়। আল-খাল্লাল এটি বর্ণনা করেন।

ইবনে উমর (রাঃ) থেকে একটি মারফু হাদিস বর্ণিত আছে যে, “জুমার দিনে এমন একটি সময় আছে যে সময়ে কেউ শিঙ্গা দিলে তার এমন একটি রোগ হবে যে রোগ থেকে মুক্তি পাবে না।”। বাইহাকী হাসান সনদে হাদিসটি বর্ণনা করেন; সে সনদে আত্তাফ বিন খালেদ রয়েছে; তার মুখস্তশক্তিতে দুর্বলতা আছে।[সমাপ্ত; ইবনে মুফলিহ এর ‘আল-আদাব আল-শারইয়্যাহ (৩/৩৩৩)]

অনুরূপ বর্ণনা ইবনে মায়ীন, আলী ইবনে মাদীনি থেকেও বর্ণিত আছে।

আল্লাহই ভাল জানেন।